



উইন্ডি ওয়েট এন্ড ড্রাই প্রসেস লিঃ (ইউনিট-০২)

(A Sister concern of Windy Group)

৯৩৬, ভোগড়া, (চৌধুরীবাড়ী), জয়দেবপুর, গাজীপুর

E- Mail: info@windygroupbd.net

Sister Concern:

Windy Apparels Ltd.

Tanaz Fashions Ltd.

Vintage Garments Ltd.

Union Sportswear Ltd.

Hollywood Garments (Pvt.) Ltd.

Windy Wet & Dry Process Ltd.

Reference Number	WWDPL-2021-03
Version Number	05
পলিসির নাম:	ছাঁটাই নীতিমালা
Name of the Policy	Retrenchment policy
পলিসি বাস্তবায়নের তারিখ	৩১/১২/২০২০ ইং
পরবর্তী সংশোধনের তারিখ	৩১/১২/২০২১ ইং হইতে।
পলিসি বাস্তবায়ন করবেন	প্রশাসন ও মানব সম্পদ বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগ।
পলিসির সার্বিক তত্ত্বাবধা করবেন	মহা-ব্যবস্থাপক (এ্যাডমিন,এইচ আর এন্ড কম্প্লায়েন্স)

প্রতিশ্রুতি :

উইন্ডি ওয়েট এন্ড ড্রাই প্রসেস লিঃ,(ইউনিট-০২) উইন্ডি গ্রুপের একটি উন্নতমানের ওয়াশিং প্লান্ট। এই প্রতিষ্ঠানে প্রায় পাঁচ শত শ্রমিক ,কর্মচারী প্রত্যক্ষ ভাবে কাজ করেন। কারখানায় কর্মরত সকল শ্রমিক/কর্মচারী ছাঁটাই এবং ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারীর পুনঃ নিয়োগ সমূহ সঠিক নিয়মে করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। কারখানায় নিয়োজিত শ্রমিক/কর্মচারী ছাঁটাই এবং ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারীর পুনঃ নিয়োগ সমন্ধে একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রনয়ন করিয়াছেন।

আইনের সূত্র :

ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারীর পুনঃ নিয়োগ নীতিমালার বিষয়ে আমরা বাংলাদেশে প্রচলিত শ্রম আইন-২০০৬ইং (সর্বশেষ সংশোধন-২০১৫ইং), আই.এল. ও কনভেনশন এবং বিভিন্ন আন্তর্জাতিক বায়ারের কোড অব কন্ডাক্ট কঠোর ভাবে মেনে চলি।

উদ্দেশ্য :

শ্রমিক / কর্মচারীদের ছাঁটাই এবং ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারীর পুনঃ নিয়োগ শ্রমআইন - ২০০৬(সর্বশেষ সংশোধন-২০১৫) বাস্তবায়ন করা।

কর্তৃপক্ষ এ বিষয়ে নিম্নোক্ত নীতি অনুসরণ করিয়া থাকেন

এই ক্ষেত্রে বাংলাদেশ শ্রমআইন-২০০৬(সর্বশেষ সংশোধন-২০১৫) এর ধারা- ২০,২১ এবং বিধিঃ ২৭ অনুযায়ী ছাঁটাই এবং ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারীর পুনঃ নিয়োগ করিয়া থাকেন। কোন শ্রমিক/কর্মচারীর ছাঁটাই এবং ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারী পুনঃ নিয়োগ নিম্নলিখিত ভাবে হইবে।

ছাঁটাই :-

কোন শ্রমিক/কর্মচারীকে প্রয়োজন অতিরিক্ততার কারণে শ্রম আইন অনুযায়ী ছাঁটাই করা যাবে।

কোন শ্রমিক/কর্মচারী যদি কোন মালিকের অধীনে অবিচ্ছিন্নভাবে অন্যান্য এক বৎসর চাকুরীতে নিয়োজিত থাকেন, তা হলে তার ছাঁটাইয়ের ক্ষেত্রে মালিককে-

(ক) তার ছাঁটাইয়ের কারণ উল্লেখ করে এক মাসের লিখিত নোটিশ দিতে হবে, অথবা নোটিশ মেয়াদের জন্য নোটিশের পরিবর্তে মজুরী প্রদান করতে হবে।



উইন্ডি ওয়েট এন্ড ড্রাই প্রসেস লিঃ (ইউনিট-০২)

(A Sister concern of Windy Group)

৯৩৬, ভোগড়া, (চৌধুরীবাড়ী), জয়দেবপুর, গাজীপুর

E- Mail: info@windygroupbd.net

Sister Concern:

Windy Apparels Ltd.

Tanaz Fashions Ltd.

Vintage Garments Ltd.

Union Sportswear Ltd.

Hollywood Garments (Pvt.) Ltd.

Windy Wet & Dry Process Ltd.

(খ) নোটিশের একটি কপি প্রধান পরিদর্শক অথবা তৎকর্তৃক নির্ধারিত কোন কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে এবং আরেকটি কপি প্রতিষ্ঠানের যৌথ দর কষাকষি প্রতিনিধিকে, যদি থাকে, দিতে হবে; এবং

(গ) তাকে ক্ষতিপূরণ বাবদ তার প্রত্যেক বৎসর চাকুরীর জন্য ত্রিশ দিনের মজুরী বা গ্রাচুইটি যদি প্রদেয় হয়, যা অধিক হবে, প্রদান করতে হবে।

উপ-ধারা (২) এ যা কিছুই থাকুক না কেন, ধারা ১৬(৭) এর অধীনে ছাটাইয়ের ক্ষেত্রে উপ-ধারা (২) (ক) এর উল্লেখিত কোন নোটিশের প্রয়োজন হবে না, তবে ছাটাইকৃত শ্রমিক/কর্মচারীকে উপ-ধারা (২) (গ) মোতাবেক প্রদেয় ক্ষতিপূরণ বা গ্রাচুইটির অতিরিক্ত হিসাবে আরোও পনের দিনের মজুরী দিতে হবে।

যে ক্ষেত্রে কোন বিশেষ শ্রেণির শ্রমিক/কর্মচারীকে ছাটাই করার প্রয়োজন হয় সে ক্ষেত্রে, মালিক এবং শ্রমিক/কর্মচারীর মধ্যে এতদসংক্রান্ত কোন চুক্তির অবর্তমানে, মালিক উক্ত শ্রেণির শ্রমিক/কর্মচারীগণের মধ্যে সর্বশেষ নিযুক্ত শ্রমিক/কর্মচারীকে ছাটাই করবেন।

ছাটাইকৃত শ্রমিক/কর্মচারীর পুনঃ নিয়োগ :-

যে ক্ষেত্রে কোন শ্রমিক/কর্মচারীকে ছাটাই করা হয় এবং ছাটাইয়ের এক বৎসরের মধ্যে মালিক পুনরায় কোন শ্রমিক/কর্মচারী নিয়োগ করতে ইচ্ছুক হন সে ক্ষেত্রে মালিক ছাটাইকৃত শ্রমিক/কর্মচারীর সর্বশেষ জানা ঠিকানায় নোটিশ প্রেরণ করে তাকে চাকুরীর জন্য আবেদন করতে আহ্বান জানাবেন, এবং এই আহ্বানে সাড়া দিয়ে কোন শ্রমিক/কর্মচারী পুনরায় চাকুরী পাওয়ার জন্য আবেদন করলে তাকে নিয়োগের ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে, এবং এ রকম একাধিক ছাটাইকৃত শ্রমিক/কর্মচারী প্রার্থী হলে তাদের মধ্যে পূর্বের চাকুরীর জ্যেষ্ঠতার ভিত্তিতে অগ্রাধিকার দেওয়া হবে।

লক্ষ্য :

শ্রমিক/কর্মচারীর ছাটাই এবং ছাটাইকৃত শ্রমিক/কর্মচারীদের পুনঃ নিয়োগের ক্ষেত্রে সঠিক কার্যকারিতা নিশ্চিত করা আমাদের প্রধান লক্ষ্য।

উপরোক্ত পলিসি ক্রেতার চাহিদা ও আইনগত প্রয়োজনীয়তা আসলে তা সময়ে সময়ে পরিবর্তনযোগ্য।

<hr/> মহা-ব্যবস্থাপক (এ্যাডমিন, এইচ আর এন্ড কম্প্লায়েন্স)	৩১/১২/২০২০ইং <hr/> দিন/মাস/বছর
--	---